আজকের কাগজ

তারিখ 05 MAR 1993

পৃষ্ঠা ৬ কলাম ২

135

# আইন আছে কার্যকারিতা নেই চাঁদপুরে প্রাথমিক শিক্ষা ব্যাহত

চাঁদপুর জেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি ব্যর্থ হওয়ার উপক্রম হয়েছে। জেলায় স্কুলে গমনোপযোগী অর্ধ লক্ষাধিক শিশু শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে। আইনে অর্থদণ্ডের বিধান করেও ৬ বছরের উর্ধ্বে শিশুদের সকলকে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করা সম্ভব হয়নি। এমনকি যারা ভর্তি হয়েছে বলে নাম তালিকাভুক্ত আছে– তাদের একটি অংশের অবস্থা কাজীর গোয়ালের গরুর মতো; কেতাবে আছে গোয়ালে নেই। কিন্তু বাস্তবে এদের অনেকেরই বিদ্যালয়ে উপস্থিতি নিয়মিত নয়। বিগত '৯০ সালের ফেব্রুয়ারিতে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক আইন করা হয়। '৯০ সালের ১ জানুয়ারি এ আইন বলবৎ হওয়ার কথা থাকলেও তা সরকার পরিবর্তনের কারণে একবছর বিলম্বিত হয়ে চলতি বছরের জানুয়ারি থেকে কার্যকর হয়। চাঁদপুর সদর থানার ৭টি ইউনিয়নসহ পৌরসভায় বাধ্যতামূলক শিশু শিক্ষা কমিটি গঠন করা হয়েছে। থানা নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও সমন্বয় কমিটি এবং জেলা প্রশাসককে সভাপতি করে জেলা পর্যায়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরীক্ষক সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। আইন বাস্তবায়ন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত কমিটির সদস্যদের ভূমিকা নৈরাশ্যজনক বলে পর্যবেক্ষক মহলের অভিমত। চাঁদপুর থেকে হাবিবুর রহমান খান।